যুগান্তর

তারিখ 13 DEC 2006
পৃষ্ঠা ২০ কলাম ৬

৯

# বরিশাল পলিটেকনিক থেকে ছাত্রলীগকে বহিষ্কার করেছে ছাত্রদল শিবির

বরিশাল ব্যুরো

বরিশাল পলিটেকনিক ইন্সটিটিউট ক্যাম্পাস থেকে ছাত্রলীগ কর্মীদের ধাওয়া করে বের করে দিয়েছে ছাত্রদল ও শিবির কর্মীরা। পরে তারা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল সমাবেশ করে। মঙ্গলবার বেলা সাড়ে ১১টায় এ ঘটনা ঘটে। বহিরাগত সন্ত্রাসীদের নিয়ে ক্যাম্পাসে ঢোকায় ধাওয়া করা হয়েছে বলে দাবি করেছে ছাত্রদল। ক্যাম্পাসের একাধিক ছাত্রদল নেতা দাবি করেন, ছাত্রলীগ ক্যাডার পাসপোর্ট সোহাগ, শামীম, রাজিব, রুম্মান, সমিরন ও ইয়াসিন ধারালো অস্ত্র বহনকারী বহিরাগতদের নিয়ে মঙ্গলবার বেলা সাড়ে ১১টায় ক্যাম্পাসে গিয়ে মহড়া দিতে শুরু করে। এ সময় সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে আতংক ছড়িয়ে পড়ে। একপর্যায়ে ছাত্রদল ও শিবির কর্মীরা তাদের ধাওয়া করে ক্যাম্পাস থেকে বের করে দেয়। পরে ক্যাম্পাসে বহিরাগত প্রবেশের প্রতিবাদে মিছিল করে তারা। মিছিলের পর সংক্ষিপ্ত সমাবেশে বক্তৃতা করেন নেতৃবৃন্দ। তারা অধ্যক্ষের কাছে ক্যাম্পাসে বহিরাগতদের প্রবেশ বন্ধের দাবি জানান। এ দাবি পূরণ না হলে কলেজ বন্ধ করে দেয়ার হুমকি দেয়া হয়। এদিকে ক্যাম্পাসের ছাত্রলীগ নেতৃবৃন্দ জানিয়েছেন, মঙ্গলবার ক্যাম্পাসে যাওয়া বহিরাগত অস্ত্রধারীরা তাদের দলের সঙ্গে সম্পৃক্ত নয়। ক্যাম্পাসে বহিরাগত প্রবেশের ঘটনায় তারাও তীব্র নিন্দা জানান।